দৈনিক বাংলা

তারিখ 30 NOV 1986

পৃষ্ঠা ৪ কলাম ৬

22



স্পীকার শামসুল হুদা চৌধুরী ইউনেস্কোর ৪০তম প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষে শিক্ষা মন্ত্রণালয় আয়োজিত রচনা প্রতিযোগিতায় বিজয়ীদের শনিবার এক অনুষ্ঠানে পুরস্কার প্রদান করেন

## কর্মমুখী শিক্ষা চাই : স্পীকার

জাতীয় সংসদের স্পীকার জনাব শামসুল হুদা চৌধুরী দেশের বেকার সমস্যার সমাধানে কর্মমুখী শিক্ষার উপর গুরুত্ব আরোপ করেছেন। তিনি বলেন, এক্ষেত্রে সরকারের সঙ্গে ইউনেস্কো আরও কার্যকর ভূমিকা পালন করতে পারে।

স্পীকার শনিবার জাতীয় যাদুঘর মিলনায়তনে বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন আয়োজিত ইউনেস্কোর ৪০তম প্রতিষ্ঠাবার্ষিকীর সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণ দিচ্ছিলেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন শিক্ষামন্ত্রী মোমিনউদ্দীন আহমদ।

স্পীকার বলেন, ইতিহাস তথা অতীতকে বাঁচিয়ে রাখতে না পারলে কোন জাতি বেঁচে থাকতে পারে না। এক্ষেত্রে বিভিন্ন দেশের পুরাকীর্তি ও ঐতিহ্যকে বাঁচিয়ে রাখার জন্য তিনি ইউনেস্কোর ভূমিকার প্রশংসা করেন।

শিক্ষামন্ত্রী বলেন, ইউনেস্কো আজ একটি সংগঠন নয়, একটি প্রতিশ্রুতিশীল গঠনমূলক কর্মসূচীর প্রতীক।

পরে স্পীকার ইউনেস্কোর প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে আয়োজিত প্রতিযোগিতায় বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করেন। খবর তথ্য বিবরণীর।